



“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

## বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

সংস্করণ-৪

তারিখঃ ১১-১০-২০২০খ্রি.



ফোন : ৮৮-০২-৮১৮১০৩৭

ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫

ই-মেইল : Info@baera.gov.bd

ওয়েবসাইট : www.baera.gov.bd

### এক্স রে স্টাপনা/বিকিরণ উৎস উৎপাদনকারী যন্ত্রপাতির নতুন লাইসেন্স এহণের সাধারণ নিয়মাবলী

- ১। বিকিরণ উৎপাদনক্ষম যন্ত্র (যেমনঃ Radiography Unit, Mobile X-ray Unit, X-ray, CT Machine, C-arm, Mammography Unit, Angiogram Unit, Dental X-ray, OPG Unit, Bone Densitometry ইত্যাদি) এর লাইসেন্সের জন্য ('গ'-শ্রেণির) আবেদন ফরম ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিয়োগে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর নীচ তলার বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ (কক্ষ নং-১০৩) হতে সংহয় করতে হবে।
- ২। আবেদনপত্র ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। প্রয়োজনে অত্র কর্তৃপক্ষের বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগের সহযোগিতা নেওয়া যেতে পারে।
- ৩। পূরণকৃত আবেদন ফরমে আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায় এবং ইংরেজিতে), পদবী স্বাক্ষর ও সীলসহ তারিখ অবশ্যই থাকতে হবে।
- ৪। “বাপশনিক রেগুলেটরি ফি” অথবা ‘BAERA Regulatory Fee’ এই শিরোনামে পানিবিনি বিধিমালা-৯৭ এর তফসীল-৬ অনুযায়ী প্রতিটি মেডিকেল ড্যাগনস্টিক এক্স-রে মেশিনের জন্য ফি (১৫% ভাটসহ)  $(15,000/- + 2,250/0) = 17,250/-$  (সতের হাজার দুইশত পঞ্চাশ) টাকা যে কোন ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পূরণকৃত ফরমের সাথে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ছাড়া কোন নগদ টাকা গ্রহণ করা হয় না।
- ৫। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই দাখিল করতে হবেঃ
  - (ক) লাইসেন্স প্রাপ্তির নিমিত্তে চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও শেরে বাংলা নগর, ডাক্ত বক্স নং-২৪০, ঢাকা-১২০৭। বরাবর লিখিত একটি আবেদনপত্র;
  - (খ) প্রদানকৃত ফি এর উপর ১৫% হারে ভ্যাট বাবদ অতিরিক্ত টাকা প্রদান করতে হবে।
  - (গ) ফি এবং ভ্যাট বাবদ প্রদান সমস্ত টাকা একত্রে যে কোন ব্যাংক থেকে “বাপশনিক রেগুলেটরি ফি” অথবা “BAERA Regulatory Fee” শিরোনামে পে-অর্ডার/ডি ডি এর মাধ্যমে প্রদান করতে হবে।
  - (ঘ) যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরম বি. দ্রঃ (১)আবেদন ফরমে লাইসেন্সধারী ও RCO এর নাম এবং প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা অবশ্যই বাংলায় ও ইংরেজিতে পূরণ করতে হবে। (২) আবেদন ফরমের ১০ নং ক্রমিকের টেবিল এ মেশিনের মডেল, কিলোভোল্ট (Kv), মিলি অ্যাম্পিয়ার (mA), নিয়ন্ত্রণ প্যানেল ও টিউব হেডের সিরিয়াল নং অবশ্যই যথাযথভাবে উল্লেখ করতে হবে।
  - (ঙ) যথাযথভাবে পূরণকৃত বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার আবেদন পত্র যা অফিস থেকে সরবরাহ করা হয়েছে;
  - (চ) বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তার সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
  - (ছ) বিকিরণ কর্মীদের ব্যক্তি পরীবিক্ষণের জন্য স্বাক্ষ্য পর্দার্থ বিজ্ঞান বিভাগ, পরমাণু শক্তি কেন্দ্র, ৪ কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, পোঁ বক্স নং-১৬৪, রমনা ঢাকা-১০০০ (ফোনঃ ৮৬২১৩২১, ৯৬৭৫০১১, ফ্যাক্সঃ ৮৬১৩০৫১) হতে টিএলডি ব্যাজ প্রাপ্তির প্রমাণপত্র অথবা প্রাপ্তির নিমিত্তে আবেদনপত্রের সত্যায়িত কপি।
  - (জ) ব্যবসা পরিচালনার জন্য সরকার কর্তৃক অনুমোদিত বৈধ ট্রেড লাইসেন্সের ফটোকপি প্রদান করতে হবে।
  - (ঝ) এক্স-রে ক্ষমের নকশা প্রদান করতে হবে।
  - (ঝঃ) অনুঃ-৪-এ বর্ণিত লাইসেন্স ফি প্রদানের প্রমাণপত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি।
- (৬) প্রয়োজনীয় কাগজপত্রের অভাব, অসম্পূর্ণ আবেদনপত্র অথবা লাইসেন্স ফি প্রদানের প্রমাণ (অর্ডার/ব্যাংক ড্রাফট) এর মধ্যে কোন সমস্যা থাকলে লাইসেন্স প্রদানের প্রতিক্রিয়া বিলম্বিত হতে পারে।
- (৭) পরিপূর্ণ তথ্য অত্র কর্তৃপক্ষে পৌছানোর তারিখ দরখাস্ত এহণের তারিখ হিসাবে গণ্য হবে।
- (৮) আবেদনপত্র গ্রহণ করার পর প্রয়োজনীয় ক্ষেত্রে পরিদর্শন সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হবে।
- (৯) COVID-19 মহামারীর কথা বিবেচনা করে Virtual Inspection সম্পন্ন করার জন্য একটি বিশ্বেষ E-Mail ঠিকানা এবং Phone No. আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- (১০) Virtual Inspection এর তথ্য সংযুক্ত চাহিদা অনুযায়ী প্রেরণ করতে হবে।
- (১১) পরিপূর্ণ ঠিকানা সম্পর্কিত অগ্রায়ণপত্র ছাড়া কোন তথ্য গ্রহণ করা হবে না।

উপরোক্ত বিষয়ে আরো অতিরিক্ত তথ্য/ব্যাখ্যার প্রয়োজন হলে উল্লেখিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে এবং পরিপূর্ণ ঠিকানা সম্পর্কিত অগ্রায়ণপত্র ছাড়া কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ  
ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর  
ডাক বক্স নং-২৪০, ঢাকা-১২০৭।